

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সান্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৫১ এ (ঐচ্ছিক)

বিষয় : সমাজভাষাবিজ্ঞান

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। একজন দ্বিভাষিক বক্তার মাতৃভাষা অতিরিক্ত দ্বিতীয় ভাষাটি শিখতে গেলে যে পরিস্থিতির সম্মুখীন হতে হয় তা কেকস আর প্যাপের তত্ত্ব (২০০৩) অনুযায়ী আলোচনা করো। ১০

(অথবা)

- ২। ফার্মসনের বক্তব্য অনুসরণে দ্বিবাচনিক পরিস্থিতি উদ্ভবের ক্ষেত্রে হাই ভ্যারাইটি(H) এবং লো ভ্যারাইটি(L)-র ভূমিকা আলোচনা করো। প্রসঙ্গত বাংলা ভাষার ক্ষেত্রে দ্বিবাচনিকতার পরিস্থিতি বিশ্লেষণ করো। ৫+৫=১০

BNG-1156

[Turn Over]

(2)

- ৩। ঋণকৃতির সামাজিক ও ভাষাগত কারণগুলি উদাহরণসহ লেখো।
৫+৫=১০

(অথবা)

- ৪। টক পিজিন (Talk Pidgin)-এর ভাষাগত ব্যবহারিক ক্ষেত্র (linguistic domain) প্রায় একটি স্বাধীন পরিণত ভাষার সমতুল্য। ব্যবহারিক ক্ষেত্র এবং তার বৈশিষ্ট্যগুলি উদাহরণ দিয়ে দেখাও।
৫+৫=১০
- ৫। 'লিঙ্গুয়া ফ্রাঙ্কা'-র পরিভাষাগত উৎস লেখো। কত ধরনের লিঙ্গুয়া ফ্রাঙ্কা হতে পারে উদাহরণ দিয়ে আলোচনা করো। নেটিভ ল্যাঙ্গুয়েজ আর লিঙ্গুয়া ফ্রাঙ্কার মধ্যে পার্থক্য কোথায় হতে পারে যে কোনো ভাষার দুটি উদাহরণ দিয়ে দেখাও।
২+৬+২=১০

(অথবা)

- ৬। টীকা লেখ (যে কোনো দু'টি) :
৫+৫=১০
ক্রয়ল, বহুভাষিকতা, স্থিতিশীল ও অস্থিতিশীল দ্বিভাষিকতা
- ৭। সংজ্ঞাপক দক্ষতা বলতে কী বোঝ, আলোচনা করো। ভাষিক দক্ষতা (linguistic competence) ও সংজ্ঞাপক দক্ষতার (communicative competence) পার্থক্য নির্দেশ করো। সংজ্ঞাপক দক্ষতার ধারণা কী ভাষিক দক্ষতার প্রয়োজনকে অস্বীকার করে?
৬+২+২=১০

BNG-1156

[Continued]

(3)

(অথবা)

- ৮। সর্বনামের ব্যবহারে প্রেরক ও প্রাপকের সামাজিক সম্পর্ক কীভাবে প্রতিফলিত হয়, ব্রাউন ও গিলম্যানের সারণি অবলম্বন করে আলোচনা করো। বাংলা সর্বনামের ব্যবহারে এই সম্পর্ক কীভাবে প্রকাশ পায়?
৭+৩=১০
- ৯। ভাষাবৈষম্য বলতে কী বোঝ? ভারতের মতো ভাষাবৈচিত্র্যময় দেশে ভাষাবৈষম্যের স্বরূপটি আলোচনা করো।
২+৮=১০

(অথবা)

- ১০। ভারতীয় সমাজে জাতপাতের বিভাজন কি ভাষাপ্রয়োগে প্রতিফলিত হয় — আলোচনা করো। বাংলা ভাষায় এই বিভাজন কি আদৌ চোখে পড়ে, তোমার মতামত লিপিবদ্ধ করো।
৭+৩=১০

(অথবা)

- ১১। বানান সংস্কার এবং বানানের প্রমিতকরণের মধ্যে পার্থক্য কোথায়? অতৎসম শব্দের বানানের প্রমিতকরণের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির প্রস্তাবিত বিধিগুলো সম্পর্কে আলোচনা করো।
২+৮=১০

★ ★ ★

BNG-1156

XX24(113)—60